দৈনিক জনকণ্ঠ

তাং 25 JUN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# বাগেরহাটে কলেজে ভর্তিতে অতিরিক্ত টাকা আদায়

চেয়ে ৮২০ টাকা করে অতিরিক্ত অর্থ আদায় করা হয়।

কয়েকজন অভিভাবক বলেন, উপজেলার অন্যান্য কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে ৬শ টাকা করে নেয়া হলেও শরণখোলা ডিগ্রী কলেজে অতিরিক্ত ফি আদায় করা হয়। গরিব, অসহায় মেধাবী ছাত্র ছাত্রীর ভর্তির ক্ষেত্রেও কোন ছাড় দেয়া হচ্ছে না। কলেজ কর্তৃপক্ষের ধার্যকৃত ১৮২০ টাকার স্থলে দুই একশ' টাকা কম দিলে ওই শিক্ষার্থী ভর্তি হতে পারে না। কলেজ কর্তৃপক্ষের তৈরি করা নিয়ম স্বেচ্ছাচারিতা বলে মন্তব্য করেন কেউ কেউ। এছাড়া কলেজের অভ্যন্তরীণ ও এইচএসসি পরীক্ষাসহ বিভিন্ন শাখার শিক্ষার্থীদের কাছ থেকে ব্যবহারিক পরীক্ষার জন্য ২শ টাকা করে কলেজের হিসাব শাখায় জমা দিতে হয়। অন্যথায় ব্যবহারিক পরীক্ষায় কম নম্বর দেয়া হয়।

তবে কলেজের অধ্যক্ষ নুরুল আলম ফকির বলেন, সরকারী নিয়মের বাইরে এক টাকাও বেশি নেয়া হচ্ছে না। শিক্ষার্থীদের পরিচয়পত্রসহ কিছু উপকরণ কলেজ থেকে গ্রহণ করতে চাইলে সে ক্ষেত্রে ওই উপকরণের মূল্য পরিশোধ করতে হয়।